দৈনিক বাংলা

6

09 JAN 1990
তারিখ ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

২৭

# নোট বই নিষিদ্ধ আইন বাতিল দাবী

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি ৮ম শ্রেণী পর্যন্ত নোট বইয়ের মুদ্রণ, প্রকাশনা, আমদানী নিষিদ্ধকরণ আইন বাতিলের দাবী জানিয়েছে।

সমিতির বার্ষিক সাধারণ সভায় গৃহীত এক সিদ্ধান্তে বলা হয়, নোট বইয়ের প্রকাশনা নিষিদ্ধ করা সত্ত্বেও এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী বেআই-

(শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## নোট বই নিষিদ্ধ

(প্রথম পৃঃ পর)

নীভাবে নোটবই প্রকাশ ও বিক্রী করছে। এর ফলে প্রকৃত পুস্তক প্রকাশকরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সভায় নোটবই নিষিদ্ধ করার আইন বাতিলের দাবীতে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। কর্মসূচীতে রয়েছে আগামীকাল ১০ই জানুয়ারী দেশের সকল বইয়ের দোকান বন্ধ রেখে জেলা প্রশাসক ও জেলা শিক্ষা কর্মকর্তার নিকট স্মারকলিপি প্রদান, এবং ১৫ই জানুয়ারী বাহাদুর শাহ পার্কে সমাবেশ শেষে বঙ্গভবনে প্রেসিডেন্টের নিকট স্মারকলিপি পেশ। খবর প্রেস বিজ্ঞপ্তির।